3881/15

I 03284/15

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

एक हजार रुपये

ONE THOUSAND RUPEES

रु.1000

Rs.1000

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

M 460451

05.05.15
GNO-7098/15
7.20 pm

Certified that the document is admitted to registration. The signature sheet/s and the endorsement sheets attached with this document are the part of this document

Addl. Dist. Sub-Registrar
Alipore, South 24 Parganas

07 MAY 2015

Sampali

Sanjoy Das

R 2030
1232
7.20 pm

— ঃঃ দানপত্র দলিল ঃঃ —

দানপত্র গ্রহিত্রী ঃ—

শ্রীমতী অঙ্গনা দাস (সমাজদার), স্বামী - শ্রী রঞ্জিত দাস, পিতা- স্বর্গীয় ধীরেন্দ্র নাথ সমাজদার, জাতি - হিন্দু, ভারতীয় নাগরিক, পেশা- গৃহস্থালী, সাকিন - ৫০নং গড়িয়া বোড়াল মেইন রোড, থানা - সাবেক রিজেন্ট পার্ক হাল বাঁশদ্রোনী, কলকাতা - ৭০০০৮৪, জেলা - দক্ষিণ ২৪ পরগণা।

Sephali Samajdar.

দানপত্র দাত্রী :-

শ্রীমতী শেফালী সমাজদার স্বামী -স্বর্গীয় ধীরেন্দ্র নাথ সমাজদার, জাতি - হিন্দু, ভারতীয় নাগরিক, পেশা- অবসরপ্রাপ্তা, সাকিন - ৫০নং গড়িয়া বোড়াল মেইন রোড, থানা - সাবেক রিজেন্ট পার্ক হাল বাঁশদ্রোনী, কলকাতা - ৭০০০৮৪, জেলা - দক্ষিণ ২৪ পরগণা।

কস্য কমবেশী ০২ (দুই) কাঠা ০৮ (আট) বর্গফুট বাস্তু জমি ও তদুপরিস্থিত কমবেশী ১০০ বর্গফুট পরিমিত এ্যাসবেস্টসের ছাউনিযুক্ত একখানি গৃহ মায় সাজপাট মায় ইহার যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি সহ দরবস্তু হক হকুক মায় আকর আওলাতাদি মায় চলাচলের যাবতীয় বর্ত্ম স্বত্বাদিসহ নির্দ্দায়, নির্দ্দোষ ও মুক্তাবস্থায় সম্পত্তির নিঃশর্ত দানপত্র দলিল পত্র মিদং কার্য্যাঞ্চাগেঃ—

জেলা দক্ষিণ ২৪ পরগণা, থানা -সাবেক রিজেন্ট পার্ক তৎপর যাদবপুর হাল বাঁশদ্রোনী, এ.ডি.এস.আর. অফিস - আলিপুর, পরগণা - মাগুরা, অত্র জেলা কালেকটারীর মহাল ১৪নং তৌজি ভুক্ত, জে.এল.নং ৪৯, রে.সা. নং ২০০, হাল কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের ১১১ নং ওয়ার্ড অধীন, মৌজা - কামডাহরি গ্রামে রিভিসন্যাল সেটেলমেন্ট জরিপে ৭৪ নং খতিয়ান্ ভুক্ত ৮০০ নং দাগের ৩৫ শতক এবং ১৫১ নং খতিয়ান ভুক্ত ৮০০/১১১২ নং দাগের ১৬ শতক একুনে উক্ত

Sephali Samaydar,

দানপত্র দাত্রী :-

শ্রীমতী শেফালী সমাজদার স্বামী -স্বর্গীয় ধীরেন্দ্র নাথ সমাজদার, জাতি - হিন্দু, ভারতীয় নাগরিক, পেশা- অবসরপ্রাপ্তা, সাকিন - ৫০নং গড়িয়া বোড়াল মেইন রোড, থানা - সাবেক রিজেন্ট পার্ক হাল বাঁশদ্রোনী, কলকাতা - ৭০০০৮৪, জেলা - দক্ষিণ ২৪ পরগণা।

কস্য কমবেশী ০২ (দুই) কাঠা ০৮ (আট) বর্গফুট বাস্তু জমি ও তদুপরিস্থিত কমবেশী ১০০ বর্গফুট পরিমিত এ্যাসবেস্টসের ছাউনিযুক্ত একখানি গৃহ মায় সাজপাট মায় ইহার যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি সহ দরবস্তু হক হকুক মায় আকর আওলাতাদি মায় চলাচলের যাবতীয় বর্ত্ম স্বত্বাদিসহ নির্দ্দায়, নির্দ্দোষ ও মুক্তাবস্থায় সম্পত্তির নিঃশর্ত দানপত্র দলিল পত্র মিদং কার্য্যাঞ্চাগেঃ—

জেলা দক্ষিণ ২৪ পরগণা, থানা -সাবেক রিজেন্ট পার্ক তৎপর যাদবপুর হাল বাঁশদ্রোনী, এ.ডি.এস.আর. অফিস - আলিপুর, পরগণা - মাগুরা, অত্র জেলা কালেকটারীর মহাল ১৪নং তৌজি ভুক্ত, জে.এল.নং ৪৯, রে.সা. নং ২০০, হাল কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের ১১১ নং ওয়ার্ড অধীন, মৌজা - কামডাহরি গ্রামে রিভিসন্যাল সেটেলমেন্ট জরিপে ৭৪ নং খতিয়ান্ ভুক্ত ৮০০ নং দাগের ৩৫ শতক এবং ১৫১ নং খতিয়ান ভুক্ত ৮০০/১১১২ নং দাগের ১৬ শতক একুনে উক্ত

Sefchali Samaddar.

দুইটি খতিয়ানের দুইটি দাগে ৫১ শতক জমিজমা সহ আরও কিছু সম্পত্তি কামডাহরি নিবাসী জনৈক চুনীলাল দেওয়ান মহাশয়ের খাস দখলীয় সম্পত্তি থাকে। তিনি উক্ত সম্পত্তি খাসে ভোগবান ও দখলিকার থাকাবস্থায় তাহার উক্ত জমিজমা বিগত ইংরাজীর ১৫.০১.১৯৫৩ তারিখে আলিপুর ডিষ্ট্রীক্ট রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১নং বহির ৩নং ভল্যুমের ২৫৪ হইতে ২৫৯ নং পৃষ্ঠায় লিপিবদ্ধ ১৭৪ নং এককেতা দানপত্র দলিলমূলে তাহার একমাত্র পুত্র রমজান আলি দেওয়ানকে দান করিয়া উহা হইতে চিরতরে দখলিচ্যুত হয়েন।

এমতপ্রকারে উক্ত রমজান আলি দেওয়ান মহাশয় উক্ত দুইটি দাগের ৫১ শতক জমিজমা উক্ত দানপত্র দলিলমূলে প্রাপ্ত হইয়া খাসে ভোগবান ও দখলিকার থাকাবস্থায় তাহার নগদ অর্থের আবশ্যক হেতু উক্ত ৮০০ নং দাগের ৩৫ শতক জমিজমার মধ্যে ৩১$^{২}/_{৩}$ শতক এবং ৮০০/১১১২ নং দাগের ১৬ শতক জমিজমার মধ্যে ১০$^{২}/_{৩}$ শতক একুনে দুইটি দাগের ৪২$^{১}/_{৩}$ শতক জমিজমা বিক্রয় করিবার ইচ্ছা ঘোষণা করিলে ১১৫নং লেক টেরস কলকাতা - ৭০০০২৯ নিবাসী শ্রী গণেন্দ্রনাথ রায়চৌধুরী পিতা - মৃত যতীন্দ্রনাথ রায়চৌধুরী মহাশয় বিগত ইংরাজীর ২৭/০৩/১৯৭২ তারিখ আলিপুর সাবরেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১নং বহির ৪২ নং ভল্যুমের ৬৯ হইতে ৭৩ নং পাতায় লিপিবদ্ধ ১২৫১ নং এককেতা সাফ বিক্রয় কোবালা দলিলমূলে তাহার নিকট হইতে উক্ত ৪২$^{১}/_{৩}$ শতক জমিজমা খরিদ করিয়া খাসে ভোগবান ও দখলিকার থাকাবস্থায় উক্ত গণেন্দ্রনাথ রায়চৌধুরী তাহার উক্ত দুইটি দাগের খরিদা ৪২$^{১}/_{৩}$ শতক জমিজমার মধ্যে কমবেশী ২১$^{১}/_{৩}$

Sephali Samaddar.

শতক জমি ৯/৩২নং নেতাজী নগর কলকাতা - ৭০০০৪০ নিবাসী শ্রী অরুন কুমার দস্তিদার মহাশয়ের নিকট বিগত ইংরাজী ২৭/০৩/১৯৭২ তারিখ আলিপুর সাবরেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১নং বহির ৩৬ নং ভল্যুমের ২৬০ হইতে ২৬৫ নং পাতায় লিপিবদ্ধ ১২৫২ নং এককেতা সাফ বিক্রয় কোবালা দলিলমূলে বিক্রয় করিয়া চিরতরে নিঃস্বত্ব ও দখলিচ্যুত হয়েন।

অতঃপর উক্ত শ্রী অরুন কুমার দস্তিদার মহাশয় তাহার উক্ত দুইটি দাগের ২১$^{১}/_{৩}$ শতক জমি খরিদ করিয়া খাসে ভোগবান ও দখলিকার থাকাবস্থায় অর্থের আবশ্যকহেতু ০৫ শতক জমি বিক্রয় করিয়া অবশিষ্ট ১৬$^{১}/_{৩}$ শতক জমি তাহার স্ত্রী শ্রীমতী পারুলরানী দস্তিদার মহাশয়াকে বিগত ইংরাজী ১৯৭৩ সালের আলিপুর ডিষ্ট্রীক্ট সাবরেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১নং বহির, ১৫৫ নং ভল্যুমের ৮৪ হইতে ৮৮ নং পাতায় লিপিবদ্ধ ৫৪৮৫ নং এককেতা দানপত্র দলিলমূলে দান করিয়া উহা হইতে চিরতরে নিঃস্বত্ব ও দখলিচ্যুত হয়েন।

অতঃপর উক্ত গণেন্দ্র নাথ রায়চৌধুরী এবং শ্রীমতী পারুলরানী দস্তিদার তাহাদের উভয়ের উক্ত খাসদখলীয় জমিজমা যৌথভাবে খাসে ভোগদখল করিয়া আসিতে থাকাবস্থায় উক্ত জমিজমা ক্ষুদ্র ক্ষুদ্র প্লটে বিভক্ত করিয়া উহার একটি স্কীম প্ল্যান প্রস্তুত করাইয়া উভয়ে একত্রে উক্ত প্লট গুলি বিক্রয় করিবার ইচ্ছা ঘোষণা প্রকাশ ও প্রচার করিলে অত্র দানপত্র দাত্রী আমি তাহা জ্ঞাত হইয়া উক্ত ৮০০ নং দাগের ৮নং স্কীম প্লট ভুক্ত কমবেশী ০৩ কাঠা ০৯ ছটাক জমি বিগত

Sephali Sengupta

ইংরাজী ২০/১২/১৯৭৬ তারিখ আলিপুর সাবরেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১নং বহির ১৪৭ নং ভল্যুমের ১৮১ হইতে ১৮৭ নং পাতায় লিপিবদ্ধ ৬৩৭৮ নং এককেতা সাফ বিক্রয় কোবালা দলিলমূলে উক্ত শ্রী গণেন্দ্রনাথ রায়চৌধুরী এবং শ্রীমতী পারুলরানী দস্তিদার মহাশয় ও মহাশয়াদ্বয়ের নিকট হইতে উপযুক্ত পণমূল্যে খরিদ করিয়া কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন অফিসে উক্ত সম্পত্তিতে আমার নাম পত্তন করিলে উক্ত জমিজমা ২২৪, বোড়াল মেইন রোড প্রেমিসেসভুক্ত হয় এবং উক্ত জমির দক্ষিণাংশে কমবেশী ০১ কাঠা ০৮ ছটাক ৩৭ বর্গফুট জমির উপর দ্বিতল বিশিষ্ট পাকা গৃহাদি নির্মাণ করিয়া উক্ত সম্পত্তি একক মালিকানায় নির্ব্বিবাদে ভোগদখল করিয়া আসিতে থাকাকালীন অত্র দানপত্র গ্রহিত্রী আমার কনিষ্ঠ কন্যার সেবাযত্নে ও কর্তব্যপরায়ণতায় সন্তুষ্ট হইয়া তাহার প্রতি স্নেহ ও ভালবাসার নিদর্শণ স্বরূপ আমার উক্ত ০৩ কাঠা ০৯ ছটাক বাস্তু জমি ও তদুপরিস্থিত দক্ষিনদিকে অবস্থিত দ্বিতল বিশিষ্ট পাকা গৃহাদির মধ্যে দক্ষিন দিক হইতে কমবেশী ০১ কাঠা ০৮ ছটাক ৩৭ বর্গফুট বাস্তু জমি ও তদুপরিস্থিত দ্বিতল বিশিষ্ট পাকা গৃহাদি সহ সম্পত্তি বিগত ইংরাজীর ২০১৩ সালে আলিপুর এ্যাডিশন্যাল সাব রেজিষ্ট্রার অফিসে রেজিষ্ট্রীকৃত ১নং বহির ৩১ নং সিডি ভল্যুমের ৪৬৬৯ হইতে ৪৬৮২ নং পাতায় লিপিবদ্ধ ০৭৭১৩ নং এককেতা দানপত্র দলিলমূলে তাহাকে দান করিয়া অবশিষ্ট দক্ষিণ দিকের দুইটি কমন প্যাসেজের জমি সহ কমবেশী ০২ কাঠা ০৮ বর্গফুট বাস্তু জমি ও তদুপরিস্থিত এ্যাসবেসটসের ছাউনিযুক্ত একখানি গৃহ একক মালিকানায়, নিব্যূঢ় স্বত্ত্বে, নির্ব্বিবাদে অন্যের নিরাংশে ভোগদখল করিয়া আসিতে থাকায় উহার মালিক ও ভোগদখলকারিনী নিয়ত আছি ও হইতেছি।

Saphali Samay Das

এক্ষনে অত্র দানপত্র দাত্রী আমার যথেষ্ট বয়স হইয়াছে এবং চলতশক্তি রহিত হইয়াছে। অত্র দানপত্র গ্রহিত্রী তুমি আমার গর্ভজাত কনিষ্ঠ কন্যা হইতেছ। তুমি সদা সর্বদা ভক্তি-শ্রদ্ধা সহকারে আমাকে দেখাশুনা করিয়া আসিতেছ এবং তোমার সেবাযত্নে ও কর্তব্য পরায়ণতায় আমি অতিব সন্তুষ্ট এবং প্রীত। তোমার প্রতি আমার স্নেহ ও ভালোবাসার নিদর্শন স্বরূপ আমার উক্ত ও নিম্ন তপশীল বর্ণিত অবশিষ্ট কমবেশী ০২ কাঠা ০৮ বর্গফুট বাস্তু জমি ও তদুপরিস্থিত ১০০ বর্গফুট পরিমিত এ্যাসবেসটসের ছাউনিযুক্ত একখানি গৃহ তোমাকে দান করিবার ইচ্ছা প্রকাশ করিলে এবং তুমি আমার অত্র দান সানন্দে গ্রহণ করিতে সম্মত হইলে আমি আমার উক্ত ও নিম্ন তপশীল বর্ণিত কমবেশী ০২ কাঠা ০৮ বর্গফুট বাস্তু জমি ও তদুপরিস্থিত ১০০ বর্গফুট পরিমিত এ্যাসবেসটসের ছাউনিযুক্ত একখানি গৃহ তোমাকে দান করিয়া এবং তোমার নাম বরাবর অত্র দানপত্র দলিল সম্পাদন ও রেজিস্ট্রী করিয়া দিয়া এতদ্বারা, স্বীকার, অঙ্গীকার, ঘোষণা, প্রকাশ ও প্রচার করিতেছি যে ঃ-

অদ্য হইতে নিম্ন তপশীল বর্ণিত অত্র দানকৃত সম্পত্তিতে আমার যে সকল স্বত্ব, স্বামিত্ব, দখল, লভ্য, ইজমেন্ট রাইট, দরবস্ত, হক, হকুক মায় আকর আওলাতাদি যাহা কিছু ছিল বা আছে তৎসমুদয় হইতে চ্যুত হইয়া তোমার প্রতি বর্ত্তিল ও অর্পিল। তুমি অদ্য হইতে অত্র দানকৃত সম্পত্তিতে আমার যাবতীয় স্বত্বে স্বত্ত্ববতী মায় দখলে কায়েম দখলকারিনী হইয়া সরকার বাহাদুর সেরেস্তায় ও স্থানীয় মিউনিসিপ্যাল কর্পোরেশান অফিসে নিজ নাম পত্তন পূর্ব্বক ধার্য্য খাজনাদি মায় ট্যাক্সাদি আদায় দিয়া উহার যাবতীয় হস্তান্তর ও রূপান্তর করণ ক্ষমতায়

Sophali samyoh

ক্ষমতাযুক্ত হইয়া স্বামী, পুত্র-পৌত্রাদি মায় কন্যা মায় ওয়ারিশান গণক্রমে পরম সুখে ভোগ দখল করিতে থাক ইহাতে আমি কিংবা আমার অন্য কোন ওয়ারিশানগণ কস্মিনকালে কোনরূপ ওজর আপত্তি করিতে পারিব না বা পারিবেক না করিলেও তাহা অত্র দানপত্র দলিল বলে সর্ব্বত্র সর্ব্ব অফিস আদালতে বাতিল ও নামঞ্জুর বলিয়া গণ্য হইবে।

প্রকাশ থাকে যে, অত্র দানকৃত সম্পত্তি আমি ইতিপূর্বে অন্য কাহাকেও কোনরূপ ভাবে হস্তান্তর করি নাই বা করিব বলিয়া কাহারও সহিত কোনরূপ চুক্তি বা বায়নাপত্রে আবদ্ধ হই নাইবা কোনরূপ উইলাদি সম্পাদন করি নাই। ইহা কোনরূপ দেবোত্তর বা পীরোত্তর ভুক্ত সম্পত্তি নহে বা ইহা কোনরূপ সরকার বা পাবলিক বডি কর্তৃক এ্যাকুইজিশান বা রিকুইজিশান হয় নাই। বা অত্র দানকৃত সম্পত্তি লইয়া কোনরূপ মামলা মোকদ্দমা চালিত বা মুলতুবি নাই বা আমি কাহারও বেনামদার নাহি। অত্র দানকৃত সম্পত্তি সম্পূর্ণ নির্দ্দায়, নির্দ্দোষ ও মুক্তাবস্থায় তোমাকে দান করিয়া এবং দানকৃত সম্পত্তিতে ষোল আনা খোলসা খাস দখল বুঝাইয়া দিয়া উহা হইতে চীরতরে দখলীচ্যুত হইলাম।

আরও প্রকাশ থাকে যে, অত্র দলিলের কোন অংশে ভুঁল ত্রুটি প্রকাশ পাইলে তোমার তলবমত যে কোন প্রকার সংশোধনী দলিল বা ঘোষণাপত্র দলিল রেজিস্ট্রী করিয়া দিব।

অত্র দানকৃত সম্পত্তির আনুমানিক বাজারমূল্য ১৪,০০,০০০ (চৌদ্দ লক্ষ) টাকা।

Sephali Samaddar

এতদ্বর্থে সুস্থ মস্তিষ্কে, স্বজ্ঞানে, স্বেচ্ছায়, অন্যের বিনা প্ররোচনায় অত্র দানপত্র দলিলে পাঠ করিয়া এবং ইহার মর্ম্মার্থ ও ফলাফল বুঝিয়া নিম্নে স্বাক্ষরকারী সাক্ষীগণের সাক্ষাতে অত্র দানপত্র দলিলে আমার নিজ নাম সহি সম্পাদন করিলাম।

ইতি তারিখ ইংরাজী ২০১৫ সালের - ৫২ মে ।

মোতাবেক বাংলা ১৪২২ সনের - ২১ শে বৈশাখ ।

তপশীল দানকৃত সম্পত্তির পরিচয়

জেলা দক্ষিণ ২৪ পরগণা, থানা -সাবেক যাদবপুর তৎপর রিজেন্ট পার্ক হাল বাঁশদ্রোনী, এ.ডি.এস.আর. অফিস - আলিপুর, পরগণা - মাগুরা, অত্র জেলা কালেকটারীর মহাল ১৪নং তৌজি ভুক্ত, জে.এল.নং ৪৯, রে.সা. নং ২০০, হাল কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের ১১১ নং ওয়ার্ড অধীন, ২২৪নং বোড়াল মেইন রোড প্রেমিসেসভুক্ত, যাহার এ্যাসেসী নং ৩১১১১০৫০২২৪৬, মৌজা - কামডাহরি গ্রামে রিভিসন্যাল সেটেলমেন্ট জরিপে ৭৪ নং খতিয়ান ভুক্ত ৮০০ (আট শত) নং দাগের জমিজমার মধ্যে আমার খরিদামূলে প্রাপ্ত উক্ত ০৩ কাঠা ০৯ ছটাক বাস্তু জমি ও তদুপরিস্থিত গৃহাদির অন্দরে অত্র গ্রহিত্রীকে পূর্বে দানকৃত ০১ কাঠা ০৮ ছটাক ৩৭ বর্গফুট জমি ও তদুপরিস্থিত দ্বিতল বিশিষ্ট গৃহাদি বাদে আমার অবশিষ্ট দক্ষিণ দিকের দুইটি কমন প্যাসেজের জমি সহ কমবেশী ০২ (দুই) কাঠা ০৮ (আট) বর্গফুট বাস্তু জমি ও তদুপরিস্থিত কমবেশী ১০০ বর্গফুট পরিমিত এ্যাসবেস্টসের ছাউনিযুক্ত একখানি গৃহ মায় সাজ পাঠ, মায় ইহার যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি সহ দরবস্তু, হক, হকুক মায় আকর আওলাতাদি মায় চলাচলের যাবতীয় বর্ত্ম স্বত্বাদি সহ যাহা

Sephali Samajdar

অত্র দলিল সাথ গ্রথিত নকসায় লাল রঙের রেখাদ্বারা সীমাকৃত ও চিহ্নিত অত্র দানপত্র দলিলের দানকৃত সম্পত্তি হইতেছে। অত্র দলিল সাথ গ্রথিত নকসা অত্র দলিলের একাংশ বলিয়া গণ্য হইবে।

দানকৃত সম্পত্তির চৌহদ্দি ঃ-

উত্তর ঃ অত্র দাগের বাকি জমির অংশ।

দক্ষিণ ঃ অত্র গ্রহিত্রীর জমি ও বাড়ি ও তৎপর বোড়াল মেইন রোড।

পূর্ব্ব ঃ অত্র দাগের বাকি জমির অংশ।

পশ্চিম ঃ অন্যের সম্পত্তি।

আমার মাতার দিয়তঃ অত্র দান
আমি সানন্দে গ্রহণ করিলাম।

Angana Das (Samajder)
দানপত্র গ্রহিত্রীর স্বাক্ষর

Sephali Samajdar
দানপত্র দাত্রীর স্বাক্ষর

মুসাবিদাকারক ঃ

Goutam Mukhopadhyay
এ্যাডভোকেট
আলিপুর পুলিশ কোর্ট
কলকাতা - ৭০০০২৭ WB-291/96
কম্পিউটার প্রিন্টএ্যাট ঃ-
রামঠাকুর কম্পিউটার এ্যান্ড জেরকস্
আলিপুর পুলিশ কোর্ট
কলিকাতা - ২৭।
অক্ষর বিন্যাস ঃ-
আশীষলাল বিশ্বাস

ইসাদি

১। Ranjit Das
50, Garia-Baral Main Road, Kolkata - 84,

২। [illegible]
বোড়াল মেন রোড
থানা- গোলাবপুর
কলকাতা - ৭০০২৫৪.

SITE PLAN OF LAND AT PREMISES NO-224, BORAL MAIN ROAD, P.S-BANSDRONI, IN MOUZA-KAMDAHARI, J.L.NO-49, SHEET NO-2, PART OF R.S.DAG NO-800, KHATIAN NO-74 UNDER K.M.C. WARD NO-111, DIST-SOUTH-24 PGS.

AREA OF LAND 2K-0CH-8 SFT-(M/L)-SHOWN IN RED BORDER.

SCALE: 1:20'-0"



Addl. Dist. Sub-Registrar, Alipur
South 24 Parganas

Sephali Samajdar.

SIG. OF DONOR

Angana Das (Samajder)

SIG. OF DONEE.

Mr. B. Banerjee
Surveyor, Planer, Bluprint
Alipore Police Court
Reg No.-0471/09

TMCR 87

Certificate of Registration under section 60 and Rule 69.

Registered in Book - I
CD Volume number 16
Page from 554 to 568
being No 03284 for the year 2015.

Seal of the Additional District Sub-Registrar, Alipore, South 24 Parganas

(Arnab Basu) 11-May-2015
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR
Office of the A.D.S.R. ALIPORE
West Bengal